মডিউল ১: ডিজিটাল নিরাপত্তার’র ধারণা

আপনি কি রাতে ঘুমাবার সময় বাসার দরজা খুলে রাখবেন? কিংবা বিদ্যুৎ আছে কিনা সেটা জানার জন্য ইলেকট্রিক তারে হাত দিবেন? আপনি কি সাইন করা ব্লাংক চেকের পাতা রাস্তায় ফেলে রাখবেন? তিনটা প্রশ্নেরই উত্তর নিশ্চয়ই “না”, কেননা নিজের নিরাপত্তার এই সাধারণ বিষয়গুলো তো আমরা সবাই জানি! কিন্তু ডিজিটাল নিরাপত্তার বিষয়ে কি আমরা সবাই সচেতন?



এই ছবিগুলোর মত আপনিও নিশ্চয়ই দরজা খোলা রেখে ঘুমাতে যাওয়া, খলি হাতে ইলেকট্রিক তারে হাত দেয়া কিংবা সাইন করা ব্লাংক চেকের পাতা রাস্তায় ফেলে রাখার মত কাজগুলো করবেন না।

অনেক সময় আপনি হয়তো কম্পিউটারে ফেইসবুক- অফিসের গুরুত্বপূর্ণ ইমেইল খুলে রেখে কোথাও চলে যাচ্ছেন। কিংবা অপিরিচিত ব্যাক্তির দেয়া লোভনীয় কোন অফারের লিংকে ক্লিক করছেন। আবার অনলাইনে কেনাকাটার ক্ষেত্রে শপটি যাচাই না করেই দিয়ে দিচ্ছেন ক্রেডিট কার্ড বা ব্যাংক অ্যাকাউন্টের সকল তথ্য। কখনো কি ভেবে দেখেছেন, ইন্টারনেট ব্যবহারে এরকম উদাসীনতা আপনার জন্য কতটা ক্ষতিকর এবং এভাবে তথ্য নিয়ে যেকেউ যেকোন কিছুই করতে পারে? এভাবে আপনি যে শুধু নিজের বিপদই ডেকে আনছেন তাই না, অনেক ক্ষেত্রে কর্মস্থলের গুরুত্বপূর্ণ তথ্যও চলে যায় অন্যের হাতে।

সাইবার জগতে প্রতিনিয়ত হ্যাকিং সহ নানাবিধ দুর্ঘটনা ঘটছে। এসব থেকে বাঁচতে হলে আপনাকে সবসময় সচেতন থাকতে হবে।

কপিরাইটঃ মুক্তপাঠ, এটুআই, আইসিটি ডিভিশন
www.muktopaath.gov.bd

ডিজিটাল বাংলাদেশের পথ চলার সাথে সাথে বাড়ছে ব্যক্তিগত কিংবা প্রাতিষ্ঠানিক কাজে কম্পিউটার, স্মার্টফোন ও ইন্টারনেট তথা আইসিটির ব্যবহার। সাইবার স্পেসে আমাদের উপস্থিতি যেমন বাড়ছে, তেমনির

বেড়ে চলছে সাইবার ক্রাইম অর্থাৎ ইন্টারনেট এবং কম্পিউটারের মাধ্যমে সংঘটিত অপরাধ, যা এখন পুরো বিশ্বে ব্যপকভাবে ছড়িয়ে পড়ছে। সাইবার অপরাধীরা অনলাইন এ্যাকাউন্ট, ই-মেইল, ওয়েবসাইট ইত্যাদি হ্যাকিং এর মাধ্যমে প্রতারণা, ক্রেডিট কার্ডের নম্বর চুরি, ব্ল্যাকমেইল, পর্ণোগ্রাফি, হয়রানি, হুমকি দান, সাম্প্রদায়িক উস্কানি সহ নানান জটিল সমস্যার সৃষ্টি করছে ।

২০১৭ সালের এক গবেষণায় দেখা গেছে, সাইবার অপরাধীদের বিশ্বব্যাপী বাৎসরিক আয়ের পরিমাণ প্রায় ১.৫ট্রিলিয়ন ডলার, যার অর্ধেকেরও বেশি প্রায় ৮৬০ বিলিয়ন ডলারই এসেছে অবৈধ ও গোপনীয় তথ্যের বাজার থেকে। এই অবস্থায় আমরা কেউই সাইবার নিরাপত্তা ঝুঁকির বাইরে নই, তাই সময় থাকতে সাবধান না হলে যেকোন সময় আপনিও হয়ে যেতে পারেন সাইবার অপরাধের ভুক্তভোগী।

সকল সরকারি, আধাসরকারি ও স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীদের ডিজিটাল নিরাপত্তার ব্যাপারে সচেতন করতে এই অনলাইন কোর্সটি তৈরি করা হয়েছে। অনলাইন এবং মোবাইল অ্যাপস্ এর মাধ্যমে এটুআই'র ই-লার্নিং প্লাটফর্ম- 'মুক্তপাঠ' থেকে এই কোর্সটি করে খুবই অল্প সময়ে জানতে পারবেন ডিজিটাল নিরাপত্তার খুটিনাটি বিষয়াদি। এই কোর্সে ডিজিটাল নিরাপত্তার ধারণা, সোশ্যাল মিডিয়া, ইমেইল, স্মার্টফোন, ইন্টারনেট ব্যবহার এবং অনলাইনে লেনদেনের প্রয়োজনীয় সতর্কতা ইত্যাদি সম্পর্কে জানতে পারবেন। কোর্স শেষে পরীক্ষায় পাশ করলে আপনি একটা সার্টিফিকেটও পাবেন।

তাই আর দেরি না করে কোর্সটি শুরু করুন এবং ডিজিটাল নিরাপত্তার ব্যাপারে সচেতন হয়ে উঠুন।

মুক্তপাঠের এই কোর্সটি করে আপনিও ডিজিটাল নিয়াপত্তার ব্যাপারে সচেতন হয়ে উঠতে পারবেন।

মুক্তপাঠ সম্পর্কে

‘মুক্তপাঠ’ বাংলা ভাষায় নির্মিত একটি উন্মুক্ত ই-লার্নিং প্লাটফর্ম যার মূলমন্ত্রই হলো “শিখুন...যখন যেখানে ইচ্ছে”। এ প্লাটফর্ম থেকে আগ্রহী যে কেউ যে কোনো সময় যে কোনো স্থান থেকে অনলাইন কোর্সে অংশগ্রহণের মাধ্যমে জ্ঞান ও দক্ষতা অর্জন করতে পারবেন। ২০১৬ সালে মাননীয় প্রধানমন্ত্রী আনুষ্ঠানিকভাবে মুক্তপাঠের উদ্বোধন করেন। এই প্লাটফর্মে সাধারণ শিক্ষা, কারিগরি ও বৃত্তিমূলক এবং জীবনব্যাপী শিক্ষার সুযোগ রয়েছে। এমনকি বাংলাদেশের সুবিধাবঞ্চিত ও প্রান্তিক জনগোষ্ঠীও ‘মুক্তপাঠ’ থেকে বৃত্তিমূলক শিক্ষা গ্রহণ করে আত্মকর্মসংস্থানের সুযোগ পেতে পারেন। ‘মুক্তপাঠ’-এর ব্যবহারকারী হল শিক্ষক, শিক্ষার্থী, যুবসমাজ, কর্মজীবী ব্যক্তিবর্গ, বিদেশগামী কর্মী, প্রবাসী কর্মী কিংবা গৃহিণী সবাই। ‘মুক্তপাঠ’-এ যেমন রয়েছে শিক্ষকদের জন্য “মাল্টিমিডিয়া কনটেন্ট তৈরি”, “মাল্টিমিডিয়া ক্লাসরুম মনিটরিং এন্ড মেন্টরিং” নামক অনলাইন কোর্স তেমনি রয়েছে সাধারণ, কারিগরি, বৃত্তিমূলক শিক্ষা, দেশের প্রান্তিক পর্যায়ের চাষিদের জন্য বিভিন্ন কোর্স ও পরীক্ষামূলকভাবে বৈদেশিক কর্মসংস্থানের প্রস্তুতি সহ বিদেশগামী কর্মীদের প্রশিক্ষণমূলক অনলাইন কোর্স।

মুক্তপাঠের অনলাইন কোর্সগুলোর পাশাপাশি রয়েছে অফলাইন ভার্সন। অফলাইনের কন্টেন্ট ব্যবহার করে যে কেউ যে কোন সময় প্রয়োজনীয় বিষয় সম্পর্কে শিখতে পারবেন। মুক্তপাঠে অনলাইন কোর্সের অন্তর্ভূক্ত বিভিন্ন কুইজ, এসাইনমেন্ট, পরীক্ষায় অংশগ্রহণ করে এবং সফলভাবে কোর্সটি সমাপ্ত করে সার্টিফিকেট লাভ করতে পারবেন। মুক্তপাঠে সোশ্যাল মিডিয়া ইন্টিগ্রেশন করা হয়েছে। মূল প্লাটফর্মের পাশাপাশি মুক্তপাঠের কনটেন্ট ইউটিউব এবং ফেসবুকেও বেশ জনপ্রিয়তা লাভ করেছে। এছাড়াও মুক্তপাঠ ২০১৮ সালে আই টি ইউ কর্তৃক প্রদানকৃত WSIS (World Summit of Information Society) পুরস্কার লাভ করে । বর্তমানে মুক্তপাঠে ৯২টি অনলাইন কোর্স রয়েছে। আপনি যেকোন সময়ে, যে কোন স্থান থেকে মুক্তপাঠের ওয়েবসাইট (www.muktopaath.gov.bd) এবং মোবাইল অ্যাপসের মাধ্যমে আপনার পছন্দের বিষয়টি সম্পর্কে শিখতে পারবেন।



মুক্তপাঠের হোমপেইজে গিয়ে আজই আপনার পছন্দের বিষয়টি শিখতে পারেন।

কপিরাইটঃ মুক্তপাঠ, এটুআই, আইসিটি ডিভিশন
www.muktopaath.gov.bd



আপনার স্মার্টফোনে মুক্তপাঠের অ্যাপসটি নামিয়ে নিয়েও আপনার পছন্দের বিষয়টি শিখতে পারেন।

কপিরাইটঃ মুক্তপাঠ, এটুআই, আইসিটি ডিভিশন

www.muktopaath.gov.bd